

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মে ২৬, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ৩১ বৈশাখ ১৪২১/১৪ মে ২০১৪

নম্বর ০৪.২২১.০২৪.০০.০০.০২১.২০১০.৫৮৯—ইঙ্গুষ্ঠুল কর্ম-পরিকল্পনার সমন্বয় ও পরিবীক্ষণ
কমিটি'র প্রথম সভার সিদ্ধান্ত অনুসারে সরকার নিম্নরূপ একটি উপকমিটি গঠন করিয়াছে :

২। উপকমিটির গঠন :

১. অতিরিক্ত সচিব, উইং-১ (আমেরিকা, ইইপি ও জাপান), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ - সভাপতি
২. প্রতিনিধি (যুগ্মসচিব/উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ - সদস্য
৩. প্রতিনিধি (যুগ্মসচিব/উপসচিব), অর্থ বিভাগ - সদস্য
৪. প্রতিনিধি (যুগ্মসচিব/উপসচিব), স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয় - সদস্য
৫. প্রতিনিধি (যুগ্মসচিব/উপসচিব), শিক্ষা মন্ত্রণালয় - সদস্য
৬. প্রতিনিধি (যুগ্মসচিব/উপসচিব), বাণিজ্য মন্ত্রণালয় - সদস্য
৭. প্রতিনিধি (যুগ্মসচিব/উপসচিব), দুর্যোগ ব্যবস্থাপনা ও আণ মন্ত্রণালয় - সদস্য
৮. প্রতিনিধি (যুগ্মসচিব/উপসচিব), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় - সদস্য
৯. প্রতিনিধি (যুগ্মসচিব/উপসচিব), পররাষ্ট্র মন্ত্রণালয় - সদস্য
১০. প্রতিনিধি (যুগ্মসচিব/উপসচিব), পরিবেশ ও বন মন্ত্রণালয় - সদস্য

(১৩৭১৭)

মূল্য : টাকা ৮.০০

- | | |
|-----------------------------------------------------------------------|--------------|
| ১১. প্রতিনিধি (যুগ্মসচিব/উপসচিব), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | - সদস্য |
| ১২. প্রতিনিধি (যুগ্মসচিব/উপসচিব), সাধারণ অর্থনীতি বিভাগ | - সদস্য |
| ১৩. যুগ্মসচিব (ইইপি), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | - সদস্য-সচিব |

৩। কমিটির কার্যপরিধি :

- ক) উপকমিটি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগের মাধ্যমে ইস্তামুল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে পরবর্তী করণীয় নির্ধারণ করিবে;
- খ) উপকমিটি ইস্তামুল কর্ম-পরিকল্পনা অনুসারে বাংলাদেশের স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদি কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও হালনাগাদকরণের লক্ষ্য মূল কমিটির নিকট সুপারিশ/প্রস্তাব উপস্থাপন করিবে;
- গ) উপকমিটি উহার গৃহীত সিদ্ধান্ত ও কার্যক্রম সম্পর্কে সমন্বয় ও পরিবীক্ষণ কমিটি-কে অবহিত করিবে;
- ঘ) উপকমিটি প্রতি তিনমাস অন্তর সভায় মিলিত হইবে এবং প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারিবে।

৪। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল এবং তাহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এন এম জিয়াউল আলম
অতিরিক্ত সচিব (প্রসওবা)